



শিক্ষাঙ্গন

ভাসিটি কলেজগুলোতে কোর্স পদ্ধতি

সারা দেশে শিক্ষা ব্যবস্থা আজ এক নিদারুণ সংকটে নিপতিত। উচ্চ শিক্ষার ক্ষেত্রে ছাত্র, শিক্ষক এবং অভিভাবক সকলেই গভীর উদ্বেগ। শিক্ষাপ্রতিষ্ঠানে স্বায়ত্তশাসন, বিদ্যিত শিক্ষা ব্যবস্থার স্ববনতি, শিক্ষাঙ্গনে সম্ভ্রাসঘর্ষঘর্ষিত্যাদি শিক্ষার সুষ্ঠু পরিবেশকে ব্যাহত করছে প্রতিনিয়ত। এছাড়াও সরকারী অনুদানের অভাবে দেশের অধিকাংশ শিক্ষাপ্রতিষ্ঠানগুলো সীমাহীন সমস্যায় নিমজ্জিত। তথাপি উচ্চ শিক্ষা থেকে যেন সাধারণ ছাত্র-ছাত্রীবৃন্দ বঞ্চিত হতে না পারে সেই জন্য দেশের বিভিন্ন কলেজসমূহে অনার্সসহ মাস্টার ডিগ্রী চালু করা হয়েছে। যার ফলে যেসব ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাচ্ছে না, তারা উক্ত কলেজসমূহ

থেকে উচ্চ শিক্ষা লাভ করতে সক্ষম হচ্ছে। কিন্তু উক্ত কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে রয়েছে ব্যাপক বৈষম্য এবং এই বৈষম্য শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় এবং এর অধীনস্থ কলেজসমূহে পরিলক্ষিত হচ্ছে। যদিও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বিভিন্ন কলেজ এবং ভাসিটি কলেজে বহু পূর্ব থেকে বিভিন্ন বিষয়ে অনার্সসহ মাস্টার ডিগ্রী চালু রয়েছে তবুও সংশ্লিষ্ট কলেজসমূহে শিক্ষা ব্যবস্থার মান অত্যন্ত নিম্নমানের এবং সেকেলে। সনাতন পদ্ধতি অনুযায়ী কলেজসমূহে অনার্স কোর্স পরিচালিত হচ্ছে এবং ছাত্র-ছাত্রীদের সনাতন পদ্ধতিতে অনার্স পরীক্ষা দিতে হচ্ছে। এই পদ্ধতি অনুযায়ী অনার্সের পুরো সিলেবাসে একবারই চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়সমূহে কোর্স পদ্ধতি অনুযায়ী প্রতি বছরই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

প্রতি বছর নির্দিষ্ট সিলেবাসের উপর পরীক্ষা হচ্ছে বলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ অল্প পরিশ্রমেই ভাল ফলাফল অর্জন করতে সক্ষম হচ্ছে। অথচ সনাতন পদ্ধতিতে কলেজের ছাত্র-ছাত্রীরা অধিক পরিশ্রম করেও ভাল ফলাফল করতে ব্যর্থ হচ্ছে এবং এর কারণ হচ্ছে, যেহেতু তাদেরকে পুরো সিলেবাসের উপর একবারই পরীক্ষা দিতে হয়। তাই সনাতন পদ্ধতির ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার ক্ষেত্রে বর্তমানে চরম হতাশা এবং নৈরাশ্যজনক অবস্থা সৃষ্টি হয়েছে এবং তা পড়াশুনার প্রতি অনীহা ও লেখাপড়ার গতিকে ম্লান করে তুলছে। এছাড়া উক্ত পদ্ধতিতে ছাত্র-ছাত্রীরা শিক্ষা ক্ষেত্রে ব্যাপক অনুশীলন এবং গবেষণামূলক জ্ঞান চর্চা থেকে বঞ্চিত হচ্ছে। অথচ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কলেজসমূহ ব্যতীত দেশের অপরাপর

বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজসমূহে বহু পূর্বেই সনাতন পদ্ধতি বাতিল করে কোর্স পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। কিন্তু একমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কলেজসমূহে আজ অবধি সনাতন পদ্ধতি বহাল রয়েছে। উক্ত বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন কলেজ ও ভাসিটি কলেজসমূহে বিভিন্ন বিষয়ে অনার্স কোর্সে অধ্যয়নরত প্রায় ৫০ হাজার ছাত্র-ছাত্রী দীর্ঘদিন থেকে কলেজে কোর্স পদ্ধতি প্রবর্তনের জন্য জোর দাবী জানিয়ে আসছে। অথচ উক্ত ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখনো উদাসীন রয়েছে। উচ্চ শিক্ষার পথ সুষ্ঠু, সহজ এবং সুগম করার লক্ষ্যে কলেজসমূহে সনাতন পদ্ধতি বাতিল করে অবিলম্বে কোর্স পদ্ধতি প্রবর্তনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশু পদক্ষেপ গ্রহণ করবেন তুচ্ছভোগী ছাত্র-ছাত্রীবৃন্দ এই প্রত্যাশা করে।

—সাদিক আজহার